# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ৬. ২. যীশু বিশ্বাসঘাতকতার ভবিষ্যদ্বাণী করলেন কখন?

ইঞ্জিলগুলোর বর্ণনা অনুসারে প্রেরিতদের সাথে শেষ নৈশভোজের সময় যীশু জানান যে, তাঁদের মধ্য থেকে একজন যীশুকে শত্রুদের হাতে সমর্পণ করবে। কিন্তু কখন তিনি এ কথা বললেন? নৈশভোজের আনুষ্ঠানিকতা, আশীর্বাদ, রুটিকে তাঁর দেহ ও পানীয়কে তাঁর রক্ত বলার পরে? না এ সব কিছুর আগে? ইঞ্জিলগুলো সাংঘর্ষিক তথ্য প্রদান করেছে। মথি, মার্ক ও যোহন লেখেছেন যে, যীশু ভোজনে বসে প্রথমে শিষ্যদেরকে জানান যে, তাঁদের মধ্য থেকে একজন যীশুকে সমর্পণ করবে। 'পরে' তিনি রুটি নিয়ে দোয়াপূর্বক তা ভেঙ্গে শিষ্যদেরকে বলেন: ভোজন কর, এ আমার শরীর, এবং পানীয় নিয়ে বলেন: এ আমার রক্ত...। (মথি ২৬/২০-২৯; মার্ক ১৪/১৭-২৮; যোহন ১৩/২১-৩০)।

এর বিপরীতে লূক লেখেছেন যে, তিনি উপরের আনুষ্ঠানিকতা সম্পন্ন করার পরে তাঁদেরকে জানান যে, তাঁদেরই একজন তাঁকে সমর্পণ করবে। (লূক ২২/১৪-২৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14039

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন